গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৭১০.২৫.(অংশ-১১).৪৬২ তারিখ: ২৬/০৫/২০২৬ খ্রিঃ

**বিষয়: ১০ম গ্রেডসহ তদূর্ধ্ব গ্রেডের শিক্ষক/কর্মকর্তাগণের অব্যাহতি, বিসিএসসহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদন, প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি গ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা ও সতর্কীকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৫৪.১১.০০৩০.২৫.২২৩, তারিখ: ২০/১০/২০২৫ খ্রি.
২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০৫৪.১১.০০২৭.২৫.২৭৪, তারিখ: ০৮/১২/২০২৫ খ্রি.
৩। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫১.১৮.০০২.২৩.৮৩৫, তারিখ: ১৫/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে কর্মরত ১০ম গ্রেডসহ তদূর্ধ্ব গ্রেডের শিক্ষক/কর্মকর্তাগণ চাকরি হতে অব্যাহতি গ্রহণ এবং বিসিএসসহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদন, প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতির জন্য বিভিন্ন প্রস্তাব এ অধিদপ্তরে প্রেরণ করে থাকেন। প্রেরিত প্রস্তাবসমূহে বিভিন্ন ধরনের ত্রুটি ও অসম্পূর্ণতা পরিলক্ষিত হওয়ায় প্রশাসনিক কার্যক্রমে জটিলতা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালনপূর্বক প্রস্তাবসমূহ দুই (০২) সেটে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। চাকরি হতে অব্যাহতির ক্ষেত্রে বর্ণিত ছক অনুযায়ী প্রস্তাব প্রেরণ করতে হবে;

| ক্রঃ নং | শিক্ষক/কর্মকর্তার নাম, পদবী ও প্রতিষ্ঠান | যোগদানের তারিখ | অব্যাহতির কারণ | অন্যত্র চাকরির আবেদন করার জন্য অনুমতি/ছাড়পত্র আছে কি/না? | আবেদনের তারিখ | চাহিত অব্যাহতির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ১. | | | | | | | ০১। একমাস পূর্বে চাকরি হতে পদত্যাগের অবহিতকরণ / সর্বশেষ আহরিত ০১(এক) মাসের মূল বেতন জমা প্রদান করেছেন কিনা?<br><br>০২। তিনি বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন কিনা? |

৩। চাকরি হতে অব্যাহতির ক্ষেত্রে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে;

ক) অধ্যক্ষের সুপারিশসহ সচিব বরাবর চাকরি হতে পদত্যাগ/অবহিতকরণের মূল আবেদনপত্র (সংযুক্তিতে কর্মরত থাকলে আবেদনে মূল কর্মস্থল উল্লেখ করতে হবে)।
খ) সর্বশেষ একমাসের মূলবেতনের সমপরিমাণ টাকা জমা প্রদানের ট্রেজারী চালানের মূলকপি অথবা, একমাস পূর্বে চাকরি হতে পদত্যাগের অবহিতকরণ পত্র।
গ) সর্বশেষ এক মাসের বেতন উত্তোলনের প্রমাণক।
ঘ) বুনিয়াদি প্রশিক্ষণ সংক্রান্ত প্রত্যয়ন পত্র (বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে নিয়োগ/পদায়ন এর প্রজ্ঞাপনের শর্ত অনুযায়ী তার জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারি কষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে ফেরত প্রদান করতে হবে)।
ঙ) অধ্যক্ষের মূল প্রত্যয়ন পত্র (চারিত্রিক প্রত্যয়নপত্র)।
চ) প্রতিষ্ঠানের মূল দায়মুক্তি সনদ।
ছ) অধ্যক্ষের মূল না-দাবিপত্র।
জ) চার্জ হস্তান্তরের মূল কপি।
ঝ) বর্তমান পদে যোগদানের প্রমানক (সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এ ১ম যোগদানপত্র)।

অন্যত্র চাকরিতে যোগদানের ক্ষেত্রে অতিরিক্ত সংযুক্তি
ঞ) সুপারিশপ্রাপ্ত পদে/পরীক্ষায় অংশগ্রহণের Admit Card এর কপি।
ট) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের ছাড়পত্রের ফটোকপি / বর্তমান পদে যোগদানের পূর্বে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে মৌখিক পরীক্ষার সময়সূচী।
ঠ) নিয়োগ আদেশ / চূড়ান্ত ফলাফলের কপি।

৪। বিসিএস সহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদন/পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে বর্ণিত ছক অনুযায়ী প্রস্তাব প্রেরণ করতে হবে;

| ক্রঃ নং | নাম, পদবি ও বর্তমান কর্মস্থল | বর্তমান চাকরিতে যোগদানের তারিখ | যে পদের জন্য আবেদন করেছেন সেই পদের নাম এবং উক্ত পদে আবেদনের শেষ তারিখ | আবেদীত সংস্থা/নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশকারী সংস্থা | আবেদীত পদে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুমতি চেয়ে আবেদনের তারিখ | অনুমতির নিমিত্ত আবেদনকৃত পরীক্ষার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | | | | | | | |

৫। বিসিএস সহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদন/পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে;

ক) সচিব বরাবর মূল আবেদনপত্র (সংযুক্তিতে কর্মরত থাকলে আবেদনে মূল কর্মস্থল উল্লেখ করতে হবে)।
খ) নিয়োগ বিজ্ঞপ্তির অনুলিপি।
গ) Online আবেদন পত্রের রঙ্গিন প্রিন্ট কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঘ) Admit Card এর রঙ্গিন প্রিন্ট কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ) নিয়োগ পরীক্ষার ফলাফলের প্রিন্টকপি।
চ) নিয়োগ পরীক্ষায় আবেদন/প্রিলিমিনারি/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করার অনুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ছ) মৌখিক পরীক্ষার সময়সূচী (প্রযোজ্য ক্ষেত্রে)।
জ) পূরণকৃত (fill up) ছাড়পত্র ০১ (এক) টি ও ফাঁকা (blank) ০১ (এক) টি।
ঝ) আবেদন সংশ্লিষ্ট একাডেমিক সনদের সত্যায়িত অনুলিপি।
ঞ) জাতীয় পরিচয় পত্রের অনুলিপি।
ট) বর্তমান পদে যোগদানের প্রমানক (সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এ ১ম যোগদানপত্র)।

৬। বিসিএস সহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদন/পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র;

| ক্রমিক নং | বিষয় | প্রয়োজনীয় কাগজ |
|---|---|---|
| ০১ | বিসিএস সহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদনের ক্ষেত্রে | ক্রমিক নং ৫ এর "ক,খ,গ,ঝ,ঞ,ট" |
| ০২ | বিসিএস সহ অন্যান্য চাকরির প্রিলিমিনারি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতির ক্ষেত্রে | ক্রমিক নং ৫ এর "ক,খ,গ,ঘ,চ,ট" |
| ০৩ | বিসিএস সহ অন্যান্য চাকরির লিখিত পরীক্ষায় অংশগ্রহণের অনুমতির ক্ষেত্রে | ক্রমিক নং ৫ এর "ক,খ,গ,ঘ,ঙ,চ,ট" |
| ০৪ | বিসিএস সহ অন্যান্য চাকরির মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতির ক্ষেত্রে | ক্রমিক নং ৫ এর "ক,খ,গ,ঘ,ঙ,চ,ছ,জ,ট" |

৭। গুরুত্বপূর্ণ নির্দেশনা-

ক) বিসিএসসহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদন/অংশগ্রহণের অনুমতির জন্য পর্যাপ্ত সময় রেখে (অন্তত ১৫ কর্মদিবস পূর্বে) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ করতে হবে। চাকরির পরীক্ষায় আবেদনের ক্ষেত্রে আবেদনের শেষ তারিখের এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে পরীক্ষার নির্ধারিত তারিখের কমপক্ষে ০৭ (সাত) কর্মদিবস পূর্বে ভোকেশনাল শাখায় আবেদন ডকেটভুক্ত হতে হবে।

খ) কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে বিসিএসসহ অন্যান্য চাকরির পরীক্ষায় আবেদন/অংশগ্রহণ করে থাকেন, যা বিধি-বহির্ভূত। বিভাগীয় প্রার্থী হিসেবে আবেদন/অংশগ্রহণের অনুমতি প্রদান যথাযথ কর্তৃপক্ষের এখতিয়ারাধীন। অতএব "ভুলবশত" বা "আইন না জানার" কারণ দর্শিয়ে অনুমোদনের প্রস্তাব প্রেরণ সমীচীন নয়।

গ) নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত, অসম্পূর্ণ অথবা পূর্বানুমতি ছাড়া প্রেরিত প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

৮। এমতাবস্থায়, সংশ্লিষ্ট আবেদনপত্র অগ্রায়ণের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে অনুসরণের জন্য অধ্যক্ষগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬/০৫/২৫

(মোঃ এনায়েত করিম)
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
২। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
৩। ইকুপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম সার্ভিস ওয়ার্কশপ, পাঠানটুলী, নারায়ণগঞ্জ

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৭১০.২৫.(অংশ-১১)- ৪৬২(৫) তারিখ : ২৬ /০৫/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। জনাব ..........................................................................................।

৫। সংশ্লিষ্ট নথি।

২৬/০৫/২৬

(মোঃ এনায়েত করিম)
সহকারী পরিচালক